

বাকুবিতে প্রথম বর্ষের ভর্তি কার্যক্রম শেষে আসন শূন্য ৩৯১

বাকুবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি)
২০২৫-২৬ সেশনের স্নাতক প্রথম বর্ষের ভর্তি
কার্যক্রম শেষ হয়েছে। চার দিনে ভর্তি সম্পন্ন
করেছেন ৬১৫ জন। আসন ফাঁকা রয়েছে
এখনো ৩৯১টি।

বুধবার (২৯ এপ্রিল) বিষয়টি নিশ্চিত করেছেন
বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড.
কাজী ফরহাদ কাদির।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, ভর্তি হওয়া শিক্ষার্থীদের মধ্যে ৩৩৫ জন ছেলে এবং ২৮০ জন মেয়ে শিক্ষার্থী রয়েছে। মোট ১০০৬ আসনের বিপরীতে প্রায় ৬১ শতাংশ শিক্ষার্থী ভর্তি সম্পন্ন করেছে।

শূন্য আসনগুলোর মধ্যে রয়েছে- কৃষি অনুষদে ১৬৮টি, ভেটেরিনারি অনুষদের ২০টি, পশুপালন অনুষদের ৯টি, কৃষি অর্থনীতি ও সমাজবিজ্ঞান অনুষদে ২৬টি, মৎস্যবিজ্ঞান অনুষদে ৩৫টি, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রিতে ৪৪টি, ফুড ইঞ্জিনিয়ারিং ডিগ্রিতে ২৩টি, বায়োইনফরম্যাটিকস ইঞ্জিনিয়ারিং ডিগ্রিতে ১৪টি, ফুড সেফটি ম্যানেজমেন্ট ডিগ্রিতে ১১টি, ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেল্ডি ডিগ্রিতে ৪১টি শূন্য আসন রয়েছে।

শূন্য আসন সম্পর্কে ভর্তি কমিটির সূত্র জানায়, মেধাতালিকায় স্থান পেয়েও যারা ভর্তি সম্পন্ন করেনি, তাদের ভর্তি বাতিল বলে গণ্য হবে।

পরবর্তী ধাপে মাইগ্রেশন প্রক্রিয়ার মাধ্যমে ফাঁকা আসনগুলো পূরণ করা হবে।

প্রসঙ্গত, গত ২৬ এপ্রিল থেকে বাকৃবিতে ভর্তি কার্যক্রম শুরু হয়। ভর্তি ও আনুষঙ্গিক ফি ৬

হাজার ২১৪ টাকা নির্ধারিত, তবে যারা আগে ১০
হাজার টাকা দিয়েছেন তাদের আলাদা করে
টাকা দিতে হবে না। অতিরিক্ত অর্থ শিক্ষার্থীদের
পূর্বালী ব্যাংক অ্যাকাউন্টে ফেরত দেওয়া হবে।